# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৬১৭

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৩. প্রথম অনুচ্ছেদ - মুমূর্ষু ব্যক্তির নিকট যা বলতে হয়

بَاب مَا يُقَالُ عِنْدَ مَنْ حَضَرَهُ الْمَوْتُ

### আরবী

وَعَنْ أُمِّ سَلَمَةَ قَالَتْ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا حَضَرْتُمُ الْمَرِيضَ أَو الْمَيِّت فَقولُوا خيرا فَإِن الْمَلَائِكَةَ يُؤَمِّنُون عَلَى مَا تقولُونَ» . رَوَاهُ مُسْلِمٌ

### বাংলা

১৬১৭-[২] উম্মু সালামাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা কোন অসুস্থ ব্যক্তির কাছে কিংবা কোন মৃত্যু পথযাত্রীর কাছে ভাল ভাল কথা বলবে। কারণ তোমরা তখন যা বলো, (তা' শুনে) মালাকগণ (ফেরেশতারা) 'আমীন' 'আমীন' বলেন। (মুসলিম)[1]

### ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৯১৯, আত্ তিরমিযী ৯৭৭, আবূ দাঊদ ৩১১৫, নাসায়ী ১৮২৫, ইবনু মাজাহ্ ১৪৪৭, মুসান্নাফ ‘আবদুর রাযযাক ৬০৬৬, ইবনু আবী শায়বাহ্ ১০৮৪৭, আহমাদ ২৬৪৯৭, ইবনু হিব্বান ৩০০৫, মুসতাদরাক লিল হাকিম ৬৭৫৮, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৭১২৪, শারহুস্ সুন্নাহ্ ১৪৬১, সহীহ আত্ তারগীব ৩৪৮৯, সহীহ আল জামি‘ আস্ সগীর ৪৯১।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (فَقولُوا خيرا) তোমরা উত্তম কথা বলবে। সিনদী বলেন, তার জন্য কল্যাণের দু‘আ কর আর না অকল্যাণ চেয়ে দু‘আ কর। অথবা ‘আমভাবে কল্যাণ চেয়ে না খারাপী চেয়ে। মাজহার বলেন, অসুস্থ ব্যক্তির জন্য আরোগ্য চেয়ে দু‘আ কর এবং বল, হে আল্লাহ! তাকে সুস্থ কর আর মৃত্যু ব্যক্তির জন্য রহমাত ও মাগফিরাত চেয়ে দু‘আ কর এবং বল, হে আল্লাহ! তাকে ক্ষমা কর এবং তার ওপর রহম কর।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56177

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন